

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৩০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০) বিনা ওজরে জামাআত ত্যাগ করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك حضور الجماعة لغير عذر

## আরবী

) (صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلُ الْعُمَى فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَيْسَ لِي قَائِدٌ يَقُودُنِي إِلَى الْمَسْجِدِ فَسَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُرَخِّصَ لَهُ يُصلِّي فِي بَيْتِهِ فَرَخَّصَ لَهُ فَلَمَّا وَلَّى دَعَاهُ فَقَالَ هَلْ تَسْمَعُ النِّدَاءَ بِالصَّلَاةِ قَالَ نَعَمْ قَالَ. رواه مسلم والنسائي وغيرهما

## বাংলা

8৩০. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে জনৈক অন্ধ লোক আগমণ করে বললেনঃ হে আল্লাহর রাসূল! আমাকে মসজিদে নিয়ে আসার জন্যে কোন চালক বা সহযোগী নেই। তাই তিনি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট গৃহে সালাত আদায় করার অনুমতি চাইলেন। তিনি তাকে অনুমতি দিয়ে দিলেন। লোকটি চলে যাওয়ার পর তিনি তাকে আবার ডাকালেন অতঃপর জিজ্ঞেস করলেনঃ

''তুমি কি সালাতের আযান শুনে থাক?''

তিনি বললেনঃ হ্যাঁ।

তিনি বললেনঃ ''তাহলে জবাব দিবে।'' (অর্থাৎ সালাতের জন্য মসজিদে উপস্থিত হবে।)

(মুসলিম ৬৫৩, নাসাঈ ২/১০৯ প্রমূখ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন